

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯০৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৩. দ্বিতীয় অনুচ্ছেদ - বংশগৌরব ও পক্ষপাতিত্ব

আরবী

رُعُن

جُبَيْرُ بْنُ مُطْعِمٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَيْسَ مِنَّا مَنْ دَعَا إِلَى عَصَبِيَّةً وَلَيْسَ مِنَّا مِن مَاتَ علىعصبية» . رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

৪৯০৭-[১৫] জুবায়র ইবনু মুত্ব'ইম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি ''আসাবিয়্যাহ্''-এর দিকে লোকেদেরকে আহবান করে, নিজে ''আসাবিয়্যাহ্''-এর উপর যুদ্ধ করে এবং ''আসাবিয়্যাহ্''-এর উপর মৃত্যুবরণ করে, সে আমাদের দলভুক্ত নয়। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ৫১২১, য'ঈফুল জামি' ৪৯৩৫।

হাদীসটি য'ঈফ হওয়ার দু'টি কারণ, ১. ইনকিত্ব' বা বিচ্ছিন্নতা, তা হলো 'আবদুল্লাহ ইবনু আবূ সুলায়মান জুবায়র ইবনু মুত্ব'ইম থেকে শোনেননি। আর ২. ইবনু আবূ লাবীবাহ্ নামের বর্ণনাকারী য'ঈফ। বিস্তারিত দেখুন- গয়াতুল মারাম হাঃ ৩০৪, ১৮৬ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إلَى عَصَبَيَّةٍ) 'আল্লামা মানবী (রহিমাহুল্লাহ) বলেনঃ এর অর্থ হলো, যে ব্যক্তি 'আসাবিয়্যাতের জন্য লোকেদেরকে সুসংগঠিত করল। আর তা হলো যালিমকে সাহায্য-সহযোগিতা করার জন্য। মুল্লা 'আলী কারী (রহিমাহুল্লাহ) বলেন, অর্থাৎ যালিমকে সাহায্য সহযোগিতা করার জন্য 'আসাবিয়্যাতের দিকে একত্রিত হলো। 'আসাবিয়্যাহ্ সম্পর্কে 'আন্ নিহায়াহ্' গ্রন্থকার বলেনঃ এটা তাদের কথা ছিল যে, হে অমুকের বংশধর। তারা কোন নতুন বিষয় নিয়ে একজন অন্যকে আহ্বান করত।



হাদীসটির বাস্তবিক প্রয়োগ: বর্তমানে আমাদের দেশে যে রাজনৈতিক অবস্থা বিরাজমান, 'আসাবিয়্যাহ্ বুঝতে আমাদের বেশি বেগ পেতে হবে না। কারণ দলের লোক যতই অন্যায় করুক, বিভিন্ন দিক থেকে অন্যায়ভাবে তাকে সাহায্য-সহযোগিতা দিয়ে মুক্ত করা হয়। পক্ষান্তরে শুধু নিজের দলকে ঠিক রাখার জন্য অন্যের ওপর জুলুম-নির্যাতন এমনকি হত্যা পর্যন্ত করা হয়। নিজের দলকে ঠিক রাখার জন্য বা নিজের ক্ষমতাকে টিকিয়ে রাখার জন্য অন্যের ওপর যে জুলুম-অন্যায় করা হয় একেই বলে 'আসাবিয়্যাহ্। জাহিলী যুগে এ 'আসারিয়্যাতের শিকার হয়ে ন্যায়-অন্যায় বিচার-বিবেচনা না করে শুধু নিজ গোত্রীয় পক্ষপাতিত্বের মনোভাব নিয়ে 'আরবগণ বছরের পর বছর ধরে এক গোত্র অন্য গোত্রের সাথে মারামারি-কাটাকাটিতে লিপ্ত থাকত। যা বর্তমানে বাংলাদেশে বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে পরিলক্ষিত হচ্ছে। [সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জুবায়র ইবন মৃত'ইম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন